ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৪৩৭৩

কৈলাসহর, ১৮ ডিসেম্বর, ২০২৫

**প্লাস্টিক ফ্রি ঊনকোটি অভিযান শুরু**
**পেঁচারথলে প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট ইউনিটের উদ্বোধন**

ঊনকোটি জেলাকে পরিচ্ছন্ন ও পরিবেশবান্ধব জেলা হিসেবে গড়ে তুলতে আজ প্লাস্টিক ফ্রি ঊনকোটি অভিযান শুরু হয়েছে। কৈলাসহরে গৌরনগর বাজারে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে এই অভিযানের সূচনা করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস। তিনি বলেন, আমরা যেভাবে নিজেদের বাড়ি ঘর পরিস্কার পরিচ্ছন্ন রাখি সেভাবে রাস্তাঘাট, বাজার প্রভৃতি এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। যত্রতত্র আবর্জনা ফেলার বদভ্যাস আমাদের পরিবর্তন করতে হবে। তিনি বলেন, সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে ঊনকোটি জেলাকে প্লাস্টিক মুক্ত, আবর্জনা মুক্ত জেলা হিসেবে গড়েতোলা সম্ভব হবে। এই কাজে তিনি সবার সহযোগিতা কামনা করেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ঊনকোটি জেলার জেলাশাসক ড. তমাল মজুমদার বলেন, এই অভিযান সফল করতে জেলার প্রতিটি পঞ্চায়েত, এডিসি ভিলেজ, পুর পরিষদ এলাকা সহ প্রত্যেক ব্লকে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে, জনবহুল স্থানে প্রায় ৫০ হাজার ডাস্টবিন তৈরী করা হচ্ছে। প্রতিটি গ্রাম পঞ্চায়েত ও এডিসি ভিলেজে বর্জ্য পৃথকীকরণ কেন্দ্র চালু করা হচ্ছে। ইতিমধ্যে প্রতিটি গ্রামে স্বচ্ছতা কর্মী নিয়োগ করা হয়েছে এবং বর্জ্য সংগ্রহ ও পরিবহণের জন্য প্রয়োজনীয় যানবাহণের ব্যবস্থা করা হয়েছে। তিনি জানান, কুমারঘাট ব্লকে প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট ইতিমধ্যেই চালু হয়েছে। পেঁচারথল ব্লকে আজ থেকে প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট চালু হয়েছে। এই অনুষ্ঠানে গৌরনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মহ: বদরুজ্জামান এবং স্বচ্ছভারত মিশন গ্রামীণ প্রকল্পের মিশন অধিকর্তা কুন্তল দাস বক্তব্য রাখেন। উপস্থিত ছিলেন ডব্লিউ এস এস ও -এর অধিকর্তা মনোরঞ্জন দেববর্মা, গৌরনগর ব্লকের বিডিও নবারুন চক্রবর্তী প্রমুখ।

এদিকে আজ পেঁচারথল ব্লকে একটি প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট ইউনিট-এর উদ্বোধন করেন স্বচ্ছভারত মিশন- গ্রামীণ প্রকল্পের মিশন অধিকর্তা কুন্তল দাস। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পেঁচারথল বিএসি'র চেয়ারম্যান সজল চাকমা, জেলার জেলাশাসক ড. তমাল মজুমদার প্রমুখ। এই ইউনিটটি নির্মাণ করতে ১৫ লক্ষ ৯১ হাজার টাকা ব্যয় হয়েছে।

******